ডিসেম্বর, 2023

# নতুন Scotland নির্মাণ: স্বাধীন Scotland এবং তার সামাজিক নিরাপত্তা

BUILDING A NEW SCOTLAND

## সারাংশ

### ওভারভিউ

এটি স্বাধীন Scotland এ সামাজিক নিরাপত্তার জন্য স্কটিশ সরকারের প্রস্তাবের সারাংশ। সম্পূর্ণ নথি:

- এটি ব্যাখ্যা করে যে কেন সামাজিক নিরাপত্তার প্রতি যুক্তরাজ্যের পদ্ধতির জরুরী সংস্কার প্রয়োজন এবং স্বাধীনতার পরেই এই স্কটিশ সরকার যে প্রাথমিক পরিবর্তনগুলি প্রবর্তন করবে তা চিহ্নিত করে
- দীর্ঘমেয়াদে সামাজিক নিরাপত্তা কিভাবে আরও ন্যায্য, আরও মর্যাদাপূর্ণ এবং আরও সম্মানজনক হতে পারে এবং স্বাধীনতার পরেই একটি নতুন পদ্ধতি কিভাবে একটি শক্তিশালী অর্থনীতি সরবরাহ করতে সহায়তা করতে পারে তার জন্য স্কটিশ সরকারের দৃষ্টিভঙ্গি নির্ধারণ করে

উল্লেখ্য যে, পেনশন সংক্রান্ত প্রস্তাবগুলি নতুন Scotland নির্মাণ সম্পর্কিত সিরিজের পরবর্তী পেপারে উল্লেখ করা হবে।

মূল রিপোর্টে এই প্রস্তাবগুলি সম্পর্কে আরও বিশদ বিবরণ, সূত্রের রেফারেন্সের পাশাপাশি তাদের তথ্য সরবরাহ করে, এমন প্রমাণের বিশ্লেষণ দেওয়া হয়েছে।

## যুক্তরাজ্যে সামাজিক নিরাপত্তা

একটি সুষ্ঠ ও নিরপেক্ষ সমাজের জন্য প্রাথমিকভাবে একটি শক্তিশালী সামাজিক নিরাপত্তা ব্যবস্থা প্রয়োজন। এটি সারা জীবন ধরে, যখন আমরা পরিবার শুরু করি, কাজের সন্ধান করি বা অবসর গ্রহণ করি সেরকম সমস্ত উত্থান-পতনের মধ্য দিয়ে আমাদের রক্ষা করে। আমরা যখন পরিবারের সদস্য বা বন্ধুদের যত্ন নিই, যদি আমরা কাজ করতে অক্ষম হই বা অসুস্থ বা অক্ষম হওয়ার কারণে আমাদের অতিরিক্ত খরচ হয় সেই সময়গুলিতে এটির আমাদেরকে সহায়তা করা উচিৎ। দারিদ্র্যের কারণে সৃষ্ট ক্ষতি কমাতে এমন একটি আয় প্রদান করতে হবে যা মানুষকে কেবল বাঁচতে নয়, উন্নত জীবনযাপন করতে এবং উন্নতি করতে দেয়।

একটি ন্যায্য এবং নিরপেক্ষ ব্যবস্থাযুক্ত দেশের জন্য একটি শক্তিশালী সামাজিক নিরাপত্তা ব্যবস্থা খুবই গুরুত্বপূর্ণ, তবে আরও প্রগতিশীল এবং উৎপাদনশীল অর্থনীতির জন্যও সেটির গুরুত্ব রয়েছে। আসলে ন্যায়সঙ্গত এবং সমৃদ্ধ সমাজের ক্ষেত্রে সামাজিক নিরাপত্তা একটি মূল্যবান বিনিয়োগ।

তবে, এখন বহু বছর ধরে, সামাজিক নিরাপত্তার প্রতি যুক্তরাজ্যের দৃষ্টিভঙ্গি অপর্যাপ্ত মাত্রার আর্থিক সহায়তা প্রদান করেছে। সুবিধার স্থায়ীকরণ, ক্যাপস এবং লিমিটস, কাজের পরিবেশ এবং চুক্তিগুলি সামাজিক নিরাপত্তার মূল্য এবং নিরাপত্তার আধারের কার্যকারিতাকে কমিয়ে দিয়েছে।

'নতুন Scotland নির্মাণ' সিরিজের প্রথম প্রকাশনায় দেখা গিয়েছিল যে Scotland এর তুলনায় স্বাধীন ইউরোপীয় দেশগুলির থেকে যুক্তরাজ্যে দারিদ্র্যের হার বেশী এবং কাজের সুবিধা কম ছিল। এটি এবং উপরে বর্ণিত নীতিগুলি থেকে ধারণা করা যায় যে যাদের স্বল্পমেয়াদী বা দীর্ঘমেয়াদী সহায়তার প্রয়োজন, ওয়েস্টমিনস্টার সামাজিক নিরাপত্তা ব্যবস্থা তাদের ক্ষেত্রে অপর্যাপ্ত আর্থিক সুরক্ষা প্রদান করে।

প্রকৃতপক্ষে, এই বছরের নভেম্বর মাসে, জাতিসংঘের চূড়ান্ত দারিদ্র্য বিষয়ক বিশেষ প্রতিবেদক যুক্তরাজ্যে সুবিধার মাত্রা "অত্যন্ত অপর্যাপ্ত" বলে যুক্তরাজ্যে সরকারের বিরুদ্ধে আন্তর্জাতিক আইন ভঙ্গ করার অভিযোগ করেছেন:

> আপনি যদি গত কয়েক বছরে আবাসন, বিদ্যুতের মূল্য, খাদ্য সামগ্রীর ক্ষেত্রে অত্যন্ত বেশী মুদ্রাস্ফীতির দিকে নজর দেন, আমার বিশ্বাস দারিদ্র্য থেকে মানুষকে রক্ষা করার জন্য প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে সপ্তাহে £85 খুবই কম, এবং এর ফলে অর্থনৈতিক, সামাজিক [এবং সাংস্কৃতিক] অধিকার সম্পর্কিত আন্তর্জাতিক চুক্তির অনুচ্ছেদ নয়-এর লঙ্ঘন করা হয়।

যুক্তরাজ্য সরকারের সামাজিক নিরাপত্তা নীতির সিদ্ধান্তের ক্ষেত্রে মানুষের মূল্য - দারিদ্র্যের মধ্যে বসবাসকারী মানুষের শারীরিক ও মানসিক সুস্থতার উপর প্রভাব - কখনোই গ্রহণযোগ্য নয়। এই কারণেই স্কটিশ সরকার যুক্তরাজ্য সরকারের সামাজিক নিরাপত্তা নীতির সবচেয়ে খারাপ প্রভাবগুলি প্রশমিত করতে এই বছরে £127 মিলিয়ন বিনিয়োগ করছে। যুক্তরাজ্যের মতো ধনী দেশে এটির প্রয়োজন হওয়া উচিৎ নয়।

একটি অপর্যাপ্ত সামাজিক নিরাপত্তা ব্যবস্থা মানুষকে দারিদ্র্যের মধ্যে আটকে রাখতে পারে, পাশাপাশি সমাজ এবং সরকারের জন্য অতিরিক্ত খরচের সমস্যা তৈরি করতে পারে। অন্য দিকে, একটি শক্তিশালী সামাজিক নিরাপত্তা ব্যবস্থা, একটি সুস্থ অর্থনীতির অংশভুক্ত করা, কাঠামোগত বৈষম্য দূর করা এবং দারিদ্র্যের কারণে সৃষ্ট ক্ষতি কমানোর ক্ষমতা রাখে। এটি এমন পরিস্থিতি তৈরি করতে পারে যেখানে প্রত্যেকে উন্নতি করতে পারে, সেই সঙ্গে এটি স্বীকার করে যে অর্থের বিনিময়ে কাজ করা সবার জন্য সঠিক নয় এবং এটি একটি সমন্বিত, বৈচিত্র্যময় এবং ন্যায্য সমাজে অবদান রাখার এবং সমাজের অংশ হওয়ার একমাত্র উপায় নয়।

## Scotland এ সামাজিক নিরাপত্তা

ইতিমধ্যেই ক্ষমতা-হস্তান্তরের ফলে দেখা গেছে যে সরকারের বিভিন্ন পছন্দ কিভাবে একটি ন্যায্য ব্যবস্থা এবং আরও ইতিবাচক ফলাফল প্রদান করতে পারে।

স্কটিশ পার্লামেন্টে Scotland আইন 2016, সীমিত সামাজিক নিরাপত্তার ক্ষমতা হস্তান্তর করেছে। এটি একটি স্বতন্ত্র স্কটিশ সামাজিক নিরাপত্তা ব্যবস্থার দিকে পরিচালিত করেছে, যার নিজস্ব পদ্ধতি রয়েছে।

এখন চৌদ্দটি স্কটিশ সামাজিক নিরাপত্তার সুবিধা রয়েছে, যার মধ্যে সাতটি নতুন এবং শুধুমাত্র Scotland এই পাওয়া যায়। সমস্ত সুবিধা যখন চালু হয়ে যাবে এবং ডিপার্টমেন্ট ফর ওয়ার্ক অ্যান্ড পেনশন (DWP) থেকে জনগণের প্রাপ্য বিষয়গুলি সুরক্ষিতভাবে এবং নিরাপদে স্থানান্তর করা হবে, তখন আশা করা যায় যে আমাদের নতুন সামাজিক নিরাপত্তা সংস্থা - সোশ্যাল সিকিউরিটি Scotland - এই আর্থিক বছরে প্রায় £5.3 বিলিয়ন সুবিধা সম্পর্কিত খরচ সহ প্রায় দুই মিলিয়ন প্রাপ্তবয়স্ক এবং শিশুদের সহায়তা করবে। এর থেকে বোঝা যায় Scotland কিভাবে দক্ষতার সঙ্গে বাস্তব পরিবর্তন আনতে পারে।

এই স্কটিশ সরকার ইতিমধ্যেই সুবিধার প্রতি তার দৃষ্টিভঙ্গির বিষয়ে উচ্চাকাঙ্ক্ষী হয়েছে। উদাহরণস্বরূপ, নিম্ন আয়ের পরিবারগুলির জন্য এখন পাঁচটি নতুন পেমেন্ট পাওয়া যাবে যেগুলির মূল্য, একটি শিশু যখন ছয় বছর বয়সে পৌঁছাবে তখন তা £10,000 হতে পারে এবং একটি শিশু যখন ষোল বছর বয়সে পৌঁছাবে তখন তা £20,000-এর বেশী হতে পারে। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড্যানি ডরলিং বলেছেন যে স্কটিশ শিশুদের জন্য নির্ধারিত পেমেন্ট "অন্তত 40 বছর ধরে ইউরোপের যে কোনও জায়গায় শিশুর দারিদ্র্যের সবচেয়ে বড় পতনের জন্য" দায়ী।

ঠিক তেমনই গুরুত্বপূর্ণভাবে, স্কটিশ সিস্টেমটি এমন একটি নীতিকে কেন্দ্র করে নির্মিত হয়েছে যা তাদের মনে মর্যাদা, ন্যায্যতা এবং সম্মান তৈরি করেছে। এটি একটি অংশ মাত্র, কারণ স্কটিশ সিস্টেমটি এমন মানুষদের নিয়ে তৈরি করা হচ্ছে যারা সামাজিক নিরাপত্তা সবচেয়ে ভাল বোঝেন - যারা নিজেরা এবং তাদের সমর্থনকারী সংস্থাগুলি সুবিধার জন্য আবেদন করেছেন।

তবে, হস্তান্তরের মাধ্যমে ইতিবাচক অগ্রগতি হওয়া সত্ত্বেও, যুক্তরাজ্য সরকার এরপরেও স্বল্প আয়, কাজের বয়স, এবং পেনশনের বয়সের সুবিধা সহ বেশিরভাগ সামাজিক নিরাপত্তা সম্পর্কিত ক্ষমতা ধরে রেখেছে। পূর্ণ ক্ষমতা থাকলে, Scotland আরও অনেক কিছু করতে সক্ষম হবে।

## স্বাধীনতা সহ সামাজিক নিরাপত্তা

স্কটিশ সরকার সামাজিক নিরাপত্তা রক্ষার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। দেশ স্বাধীন হলে সামাজিক নিরাপত্তার পর্যাপ্ততা এবং ন্যায্যতা উন্নত করা একটি প্রধান কাজ হিসাবে অগ্রাধিকার পাবে।

স্বাধীন হওয়ার সঙ্গে সঙ্গে সমস্ত সংরক্ষিত সামাজিক নিরাপত্তা দায়িত্ব হস্তান্তরের জন্য আলোচনা শুরু হবে। এটি মানুষের প্রাপ্য অর্থ সময়মতো এবং সম্পূর্ণরূপে পাওয়ার বিষয়টি অব্যাহত রাখা নিশ্চিত করবে।

বর্তমানে সংরক্ষিত সামাজিক নিরাপত্তা ব্যবস্থার মূল দিকগুলিতে এই সরকার ব্যাপক পরিবর্তন আনার প্রস্তাব করেছে। যদিও সম্পূর্ণ সামাজিক নিরাপত্তা ব্যবস্থা চালু হতে সময় লাগবে, তবুও তা স্বাধীনতার প্রাথমিক

বছরগুলিতে তাৎক্ষণিক উন্নতি করার সুযোগ দেবে। এই সরকার **সুবিধার আর্থিক মূল্য বাড়ানোর লক্ষ্যে ইউনিভার্সাল ক্রেডিটের সংস্কার এবং পরিচর্যাকারী এবং অক্ষমতা সম্পর্কিত সুবিধাগুলির** জন্য দশটি মূল পদক্ষেপকে অগ্রাধিকার দেবে। এতে অন্তর্ভুক্ত হবে:

1. **পারিবারিক আয় বাড়াতে এবং কিছু পরিবারকে দারিদ্র্য থেকে মুক্ত করতে দুই-সন্তানের মধ্যে সীমাবদ্ধতা অপসারণ এবং এর 'ধর্ষণ বিষয়ক ধারা' বাতিল করা।** প্রমাণগুলি থেকে দেখা যায় যে দুই-সন্তানের মধ্যে সীমাবদ্ধতা পরিবারের আকারের উপর খুব কম প্রভাব ফেলেছে তবে যারা দারিদ্র্য সীমার মধ্যে বসবাস করছে তাদের মধ্যে বড় পরিবারগুলিতে শিশুদের সংখ্যা বেড়েছে।
2. **বেনিফিট ক্যাপ অপসারণ করা** যা একটি পরিবারের প্রাপ্য বার্ষিক সুবিধার পরিমাণকে সীমিত করে – আবার, এটি প্রাথমিকভাবে শিশু সহ পরিবারগুলিকে প্রভাবিত করে। আমরা ইতিমধ্যেই বেনিফিট ক্যাপ বন্ধ করার জন্য বিনিয়োগ করছি, কিন্তু স্বাধীনতা Scotland-কে বেনিফিট ক্যাপ তুলে নেওয়ার সম্পূর্ণ ক্ষমতা দেবে।
3. **বেডরুম ট্যাক্স বাতিল করা** যা যাদের বাড়িতে 'অনেক বেশী বেডরুম' আছে বলে বিবেচিত হন, তাদের ক্ষেত্রে সুবিধা কমিয়ে দেয়। Scotland এর কোনও পরিবার যাতে বেডরুমের ট্যাক্সের ফলে প্রভাবিত না হয়, তা যতদূর সম্ভব নিশ্চিত করতে স্কটিশ সরকার তার নিজস্ব সম্পদ ব্যবহার করেছে। স্বাধীনতা সামাজিক নিরাপত্তা আইন থেকে বেডরুম ট্যাক্স অপসারণ করার অনুমতি দেবে।
4. নতুন সুবিধা দাবি করার প্রথম সপ্তাহে ব্যক্তি এবং পরিবারকে সহায়তা করার জন্য **ইউনিভার্সাল ক্রেডিট 'বাজেটিং লোন'-কে অনুদান দিয়ে প্রতিস্থাপন করা**। এটি পাঁচ-সপ্তাহের অপেক্ষাকে সহজ করবে এবং এর অর্থ হল মানুষ এখন যে ডিডাকশন এবং ঋণের সম্মুখীন হচ্ছেন, সেটা ছাড়াই ইউনিভার্সাল ক্রেডিট তার সম্পূর্ণ হারে প্রদান করা হবে।
5. সামাজিক নিরাপত্তার জন্য একটি ন্যায্য, আরও মর্যাদাপূর্ণ এবং সম্মানজনক পদ্ধতি তৈরি করা দীর্ঘমেয়াদী কর্মসংস্থান এবং আরও উন্নত দীর্ঘমেয়াদী ফলাফলের জন্য জনগণকে সহায়তা করা নিশ্চিত করতে **বর্তমান সুবিধা সম্পর্কিত নিষেধাজ্ঞাযুক্ত শাসনের অবসান ঘটানো**।
6. **ইউনিভার্সাল ক্রেডিট-এ বয়সের বৈষম্যের অবসান** নিশ্চিত করবে যে 25 বছরের কম বয়সী মা-বাবা তাদের পরিবারের জন্য 25 বছরের বেশী বয়সীদের মতো একই পরিমাণ আর্থিক সহায়তা পাবেন। আপনার বয়স নির্বিশেষে ভাড়া এবং খাবারের দাম একই রকম হবে।
7. **মানুষ তাদের অধিকার অনুযায়ী সম্পূর্ণ প্রাপ্যের জন্য আবেদন করছেন তা নিশ্চিত করতে আরও কিছু করা।** স্কটিশ সরকার ইতিমধ্যেই স্কটিশ বেনিফিট গ্রহণের প্রচার এবং পরিবারগুলির আয় সর্বাধিক করার জন্য তাদের সহায়তা করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে। স্বাধীনতার ফলে মানুষের অধিকার অনুযায়ী সম্পূর্ণ প্রাপ্যে তাদের অ্যাক্সেস সম্পর্কিত প্রয়োজনীয় পরামর্শ পাওয়া নিশ্চিত করতে কাজের প্রশিক্ষকের ভূমিকা পরিবর্তন সহ আরও কিছু করার অনুমতি পাওয়া যাবে।
8. **কর্মক্ষেত্রে যাওয়া সম্পর্কিত খরচের অগ্রিম সহ সহায়তাকে আরও শক্তিশালী করা এবং তাতে বিনিয়োগ করা**, যার মধ্যে প্রাথমিক শিশু যত্নের খরচ, ভ্রমণ এবং পোশাকের মতো খরচ রয়েছে। আমরা জব সেন্টার প্লাস সম্পর্কিত কাজের প্রশিক্ষক এবং কাজে অ্যাক্সেস সহ বিদ্যমান সহায়তা প্রদানকেও রূপান্তরিত করব, যাতে পরিষেবাগুলি প্রতিক্রিয়াশীল হয় এবং যারা সেগুলির উপর নির্ভরশীল তাদের চাহিদা পূরণ করতে পারে।
9. এরপরে, কর এবং সামাজিক সুরক্ষা ব্যবস্থার মাধ্যমে আরও সামগ্রিক পদ্ধতি সহ **অবৈতনিক পরিচর্যাকারীদের জন্য সহায়তা উন্নত করতে দ্রুত এগিয়ে যাওয়া**, যা সমস্ত পরিচর্যাকারীদের জন্য উপযুক্ত হবে।

10. যুক্তরাজ্য সরকারের স্বাস্থ্য ও প্রতিবন্ধী শ্বেতপত্রের ফলস্বরূপ প্রবর্তিত **সংরক্ষিত অক্ষমতা এবং স্বাস্থ্য সম্পর্কিত সমস্যার ক্ষেত্রে সুবিধা দেওয়ার পরিবর্তনগুলির অপসারণ বন্ধ করা এবং ফিরিয়ে আনা**।

সবচেয়ে দরিদ্র পরিবারগুলি এখন যে চাপের সম্মুখীন হচ্ছে, এই ধরনের প্রাথমিক পদক্ষেপগুলি তার কিছু কমাতে শুরু করতে পারে এবং কিছু মানুষের জন্য বেতনযুক্ত কাজে যাওয়া বা তাতে বহাল থাকা সহজ করে দিতে পারে এবং অবৈতনিক পরিচর্যাকারী এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উপলব্ধ সহায়তা উন্নত করতে পারে। এই পরিবর্তনগুলির আরও বিবরণ মূল নথিতে পাওয়া যাবে।

উপরোক্ত ইউনিভার্সাল ক্রেডিট সংস্কারের জন্য যে আনুমানিক অতিরিক্ত ব্যয়ের প্রয়োজন, তা 2023-24 সালে £250 মিলিয়নের বেশী হবে। এটি খুব তুচ্ছ নয় তবে 2023-24 সালে যুক্তরাজ্য এবং স্কটিশ সরকার কর্তৃক Scotland এ সামাজিক সুরক্ষার ক্ষেত্রে £24.7 বিলিয়ন ব্যয়ের প্রেক্ষাপটে দেখতে হবে। এছাড়াও, দারিদ্র্য এবং দৈন্যদশা কম হওয়ার ফলে দীর্ঘমেয়াদে রাষ্ট্রের অন্যান্য খরচ কমবে বলে আশা করা যেতে পারে, যেমন স্বাস্থ্য সম্পর্কিত বৈষম্যের কারণে সৃষ্ট: এটি স্কটিশ সরকারের সুস্বাস্থ্যের প্রতি অর্থনীতির অন্তর্নিহিত দৃষ্টিভঙ্গি সহ একটি সহযোগী পদ্ধতির সঙ্গে সম্পর্কযুক্ত সরকার, মানুষকে স্বাস্থ্যকর, সুখী এবং ধনী করার লক্ষ্যের উপর দৃষ্টি নিবদ্ধ করে।

দীর্ঘমেয়াদে, **স্বাধীনতা একটি নতুন সামাজিক নিরাপত্তা ব্যবস্থায় যাওয়ার সুযোগ দেবে।** এই নতুন ব্যবস্থার মূলে সোশ্যাল সিকিউরিটি (Scotland) অ্যাক্ট 2018-এর নীতিগুলি থাকবে। এটি এমন একটি ব্যবস্থা হবে যেখানে সামাজিক নিরাপত্তায় অ্যাক্সেস একটি মানবাধিকারের বিষয়, Scotland এ ব্যক্তির মর্যাদাকে সম্মানিত করা এবং দারিদ্র্যের মাত্রা কম করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ একটি ব্যবস্থা। একটি ব্যবস্থা যা একটি সংরক্ষিত ট্যাক্স এবং সামাজিক নিরাপত্তা ব্যবস্থার মধ্যে বিতরণের সীমাবদ্ধতা ছাড়াই প্রতিবন্ধী ব্যক্তি এবং পরিচর্যাকারীদের জন্য সহায়তার একটি সমন্বিত ব্যবস্থা প্রদান করে।

এই ধরনের ব্যবস্থা **একটি ন্যূনতম আয়ের প্রতিশ্রুতি** (মিনিমাম ইনকাম গ্যারান্টি) **প্রবর্তন** করতে পারে। এটি জীবনের সমস্ত উত্থান-পতন জুড়ে আর্থিক নিরাপত্তার একটি প্রতিশ্রুতি - পরিমিত আয়ের অধিকার, একটি মর্যাদাপূর্ণ জীবনযাত্রা নিশ্চিত করার জন্য একটি নির্দিষ্ট স্তরে সেট করা হয়েছে, যেখানে মানুষের কাছে পর্যাপ্ত অর্থ শুধুমাত্র প্রয়োজনীয় জিনিসগুলি পাওয়ার জন্য এবং অর্থ প্রদানের জন্যই নয়, বরং উন্নতি লাভের জন্য থাকবে। স্কটিশ সরকার একটি বিশেষজ্ঞ দলের সহায়তায় একটি ন্যূনতম আয়ের নিশ্চয়তা কিভাবে প্রদান করা যেতে পারে, সেই বিষয়ে ইতিমধ্যেই কাজ শুরু করেছে। বিশেষজ্ঞ দলটি 2024 সালে প্রয়োজন এবং জীবনযাত্রার ব্যয় - এবং আইনী এবং বিতরণের প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে ন্যূনতম আয়ের প্রতিশ্রুতির স্তর কিভাবে সেট করা উচিৎ, তার জন্য প্রাথমিক পদক্ষেপ এবং দীর্ঘমেয়াদী উচ্চাকাঙ্ক্ষার সুপারিশ সহ একটি চূড়ান্ত রিপোর্ট প্রকাশ করবে বলে আশা করা হচ্ছে।

সময়ের সঙ্গে সঙ্গে, ভবিষ্যতের সরকারগুলি যদি ইচ্ছা করে, তবে আরও উন্নত ধরনের একটি সর্বজনীন প্রাথমিক আয়ের লক্ষ্য গড়ে তোলার সম্ভাবনাও থাকবে। একটি সর্বজনীন প্রাথমিক আয় কোনও শর্ত ছাড়াই অন্যান্য আয় এবং সংস্থান নির্বিশেষে সকলকে আয়ের একটি মৌলিক স্তর প্রদান করবে। এটির সকলের জন্য আর্থিক নিরাপত্তা প্রদান করা এবং বৈষম্য কম করার ক্ষমতা থাকবে।

এই বিষয়গুলি একটি স্বাধীন Scotland এর ভবিষ্যৎ সরকারের মধ্যে থাকতে হবে। যে রাস্তাই বেছে নেওয়া হোক না কেন, Scotland এর জনগণের উচিৎ আমাদের অভিজ্ঞ প্যানেলের মাধ্যমে স্বাধীন Scotland এর সংবিধানে নিহিত মৌলিক মূল্যবোধের উপর ভিত্তি করে সিস্টেমকে গঠন করা।

# উপসংহার

স্কটিশ সরকার বিশ্বাস করে যে, স্বাধীন Scotland এ আমাদের সকলের জন্য একটি নতুন সামাজিক নিরাপত্তা ব্যবস্থা অনেক ভালো ফলাফল প্রদান করতে পারবে। আমাদের পরিস্থিতি যাই হোক না কেন, আমাদের সকলের সঙ্গে সবসময় মর্যাদাপূর্ণ, ন্যায়সঙ্গত এবং সম্মান সহ আচরণ করে এটি দারিদ্র্য এবং বৈষম্য মোকাবিলা করায় সহায়তা করতে পারে। স্বাধীনতা একটি ন্যায্য, সুখী এবং আরও সমৃদ্ধ Scotland এর পথ নির্ধারণ করার জন্য একটি নতুন সুযোগ প্রদান করবে।

© The Scottish Government 2023

স্কটিশ সরকার দ্বারা ডিসেম্বর, 2023-এ প্রকাশিত

এটি স্কটিশ সরকারের জন্য প্রস্তুত করেছে APS Group Scotland, 21 Tennant Street, Edinburgh EH6 5NA PPDAS1393174 (12/23)